

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ
উত্তরা শাখা, ঢাকা।

অর্থাঞ্চ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, উত্তরা শাখা, ঠিকানা- প্যারাডাইস টাওয়ার, প্লট # ১১, ঢাকা ময়মনসিংহ রোড, সেক্টর-৩, উত্তরা, ঢাকা এর ঋণগ্রহীতা জনাব মোঃ দেলোয়ার হোসেন ভূইয়া, পিতা- মৃত আব্দুল মালেক ভূইয়া, ঠিকানা- বাড়ী নং-১/ই, এভিনিউ-ক-৩/১৬, মিরপুর, ঢাকা-১২১৬ এবং বাড়ী নং- ৫৭/৮, বনফুল লেন, পূর্ব কাজীপাড়া, মিরপুর, ঢাকা এবং 'সিটাডেল সেরমানোর', ফ্ল্যাট নং- এ-৩ (২য় তলা), প্লট নং- ৬, ব্লক- ১২, ইস্টার্ন হাউজিং, পল্লবী প্রোজেক্ট, মিরপুর, ঢাকা কর্তৃক গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোজার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ৩০/০৯/২০১৫ ইং তারিখ পর্যন্ত খেলাপী ঋণ বাবদ ব্যাংকের পাওনা মোট ৯৯,৬১,৬৮৬.২০ (নিরানব্বই লক্ষ একষট্টি হাজার ছয়শত ছিয়াশি টাকা বিশ পয়সা) সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত তফসিলভুক্ত সম্পত্তিসমূহ যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

বন্ধকী সম্পত্তি সমূহের তফসিল

১। All that piece and parcel of land measuring 4.125 decimals situated within District- Dhaka, Police Station & Sub-registry office- Savar, Mouja- Dampara, J.L. No.-132, C.S. Khatian No.-2, S.A. Khatian No. 42, R.S. Khatian No. 29, C.S. & S.A. Plot No.-9, R.S. Plot No.-97, being Plot No.-G-15, Road No.-7, Block-G of layout plan of Ashulia Model Town.

২। All that piece and parcel of 01 Apartment being no.-A-3, measuring 1450 square feet (approx) on the 2nd floor with other common amenities, facilities and utilities of the building under the name and style "Citadel Shermanor" along proportionate share of undivided and undemarcated land measuring 0063 ajutangsa out of total land measuring 13.20 decimals situated within Distric- Dhaka, Police Station- Pallabi, Sub-registry office- Mirpur, under Dhaka Collectorate Touji, J.L. No. sabek- 220, S.A.-99, R.S.-25, Mouza- Senpara Parbata, C.S. Khatian No.-267, S.A. Khatian No. 295, R.S. Khatian No. 1763, D.P. Khatian No. 1314, C.S. & S.A. Plot No.-24, R.S. Plot No.-638, D.P. Plot No.-1295 being Plot No.-6, Block-12 of layout plan of Pallabi Project prepared by Eastern Housing Ltd.

নিলামের শর্তাবলী

- (১) আগামী ২৯/১০/২০১৫ ইং বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, উত্তরা শাখা, ঢাকা এ রক্ষিত বাস্তু সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- (২) প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর এর ১০% এর সমপরিমাণ টাকা জামানত স্বরূপ, ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার এর মাধ্যমে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, উত্তরা শাখা, ঢাকা এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- (৩) উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে প্রথম সর্বোচ্চ দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।
- (৪) দরদাতাগণ তফসিলভুক্ত এক বা একাধিক ক্রেতাদের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন তবে একই ক্রেতাদের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহণযোগ্য হইবে না।
- (৫) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।
- (৬) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিস্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রয়োজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা- সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, পি.ডি.বি./পল্লী বিদ্যুৎ, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা দরদাতাকেই বহন করিতে হইবে।
- (৭) দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্বের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না।
- (৮) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণকে বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- (৯) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, উত্তরা শাখা, ঢাকা।